



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, মোংলা।

[নিলাম শাখা]

ই-মেইল-monglacustoms@gmail.com

নিলাম বিজ্ঞপ্তি

কমিশনার, মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর অধীনে মোংলা বন্দর জেটিতে রক্ষিত আমদানীকৃত বিভিন্ন মডেলের রিকন্ডিশন গাড়ী ও অন্যান্য মালামাল মোংলা বন্দরে যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলাম সেল নং-০৬/২০২২ এর মাধ্যমে আগামী ১৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ সীল্ড টেন্ডারে নিলামে বিক্রয় করা হবে এবং ০৭/০৪/২০২২ খ্রিঃ তারিখে সংরক্ষিত মূল্যসহ ক্যাটালগ প্রকাশ করা হবে।

দরপত্র বিক্রয় ও পরিদর্শনঃ- আগামী ০৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ হতে ১২/০৪/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত (ক) মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর নিলাম শাখায় কর্মরত নিলামকারী মেসার্স আল-আমিন ট্রেডার্স এবং (খ) মেসার্স আল-আমিন ট্রেডার্স, টাউন হল সুপার মার্কেট, ২য় তলা, রুম নং-৫৭, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ হতে ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে দরপত্র ক্রয় করা যাবে এবং মোংলা বন্দর জেটিতে রক্ষিত গাড়ী ও অন্যান্য মালামাল আগামী ১১/০৪/২০২২ খ্রিঃ ও ১২/০৪/২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯:৩০ টা হতে বিকাল ০৩.৩০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

দরপত্র দাখিল ও খোলার সময়ঃ- আগামী ১৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯:৩০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত (ক) কমিশনার, কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট (খ) কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খালিশপুর, খুলনা (গ) কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (ঢাকা দক্ষিণ), (ঘ) কাস্টম হাউস, চট্টগ্রাম অফিস সমূহে রক্ষিত দরপত্র ব্যাঞ্জে দরদাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের অনূন ১০% জামানতসহ দরপত্র দাখিল করা যাবে। আগামী ১৯/০৪/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ টার সময় ডেপুটি কমিশনার (নিলাম), মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপিসহ উভয় ক্ষেত্রে যে কোন তফসীলী ব্যাংক হতে প্রস্তুত মূল্যের ন্যূনতম ১০% হারে জামানত হিসেবে কমিশনার, মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট ববরার পে-অর্ডার দাখিল করতে হবে। নিলাম সংক্রান্ত নিয়মাবলী ও বিস্তারিত তথ্য সিডিউলে উল্লেখ থাকবে। ক্যাটালগভুক্ত পণ্যের প্রতিটি লটের সংরক্ষিত মূল্য এ দপ্তরের web portal: mch.portal.gov.bd এবং নোটিশ বোর্ডে পাওয়া যাবে। প্রাথমিক তথ্যের জন্য মোঃ আবু বাসার সিদ্দিকী, রাজস্ব কর্মকর্তা (নিলাম শাখা), মোবাঃ-০১৭১৩-৫২৮৫৯১ এবং নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স আল-আমিন ট্রেডার্স (তারিকুল ইসলাম সোহেল, মোবাঃ-০১৬৮৪-৮৮১৪২৪) সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৭/০৪/০৪/২০২২

(মোঃ মেহেবুব হক)

ডেপুটি কমিশনার